

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়  
আইন ও বিচার বিভাগ  
বিচার শাখা-৫  
www.lawjusticediv.gov.bd


নং-১০.০০.০০০০.১২৯.১৮.০১২৩.১৬-৯৩৯

তারিখঃ ১৭ শ্রাবণ ১৪২৫ বঙ্গাব্দ  
১ আগস্ট ২০১৮ খ্রিস্টাব্দ

বিষয়: স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৩ তম শাহাদাত বার্ষিকীতে নিবন্ধন অধিদপ্তরের অধীনস্থ মাঠ পর্যায়ের দপ্তরসমূহে জাতীয় শোক দিবস পালন সংক্রান্ত।

- সূত্রঃ (১) স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৩ তম শাহাদাত বার্ষিকীতে জাতীয় শোক দিবস পালনের কর্মসূচি চূড়ান্তকরণ সংক্রান্ত আন্তঃমন্ত্রণালয় সভার গত ০৫ জুলাই, ২০১৮ খ্রিঃ তারিখের কার্যবিবরণী।  
(২) আইন ও বিচার বিভাগের সচিব মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত গত ২৯/০৭/২০১৮ খ্রিঃ তারিখের সভার সিদ্ধান্ত।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, আগামী ১৫ আগস্ট ২০১৮ খ্রিস্টাব্দ তারিখ জাতীয় শোক দিবস এবং স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৩ তম শাহাদাত বার্ষিকী। দিবসটি যথাযথ মর্যাদায় ও ভাবগম্ভীর পরিবেশে আইন ও বিচার বিভাগের আওতাধীন নিবন্ধন অধিদপ্তরের অধীনস্থ (জেলা রেজিস্ট্রার, সাব-রেজিস্ট্রার, নিকাহ রেজিস্ট্রার) মাঠ পর্যায়ের দপ্তরসমূহে পালনের উদ্দেশ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আপনাকে অনুরোধ করা হলো।

  
(তেয়বুল হাসান)

সিনিয়র সহকারী সচিব (প্রশাসন)

ফোন-৯৫৭৭৪২০ (অফিস)

Email : section5@lawjusticediv.gov.bd

মহা-পরিদর্শক (নিবন্ধন)

নিবন্ধন অধিদপ্তর

১৪, আবদুল গণি রোড, ঢাকা।

সদয় কার্যার্থে ও জ্ঞাতার্থে বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

- ০১ মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
- ০২ মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ।
- ০৩ জনসংযোগ কর্মকর্তা, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় (গণমাধ্যমে সংবাদ প্রচারের নিমিত্ত)।
- ০৪ সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ।
- ০৫ সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ।
- ০৬ প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ০৭ অফিস কপি।